

তারিখ: ২৩.০৯.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

আমাদেরকে কোরআন-সুন্নাহর আলোয় আলোকিত হতে হবে : সিটি মেয়র ডা. শাহাদাত।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে কোরআন ও সুন্নাহর শিক্ষা কাজে লাগাতে হবে। পরিশ্রম, সততা, ধৈর্য ও সহিষ্ণুতার মাধ্যমে একজন প্রকৃত আদর্শ মানুষে পরিণত হওয়াই ইসলামি শিক্ষার মূল লক্ষ্য। মঞ্জলবার (২৩ সেপ্টেম্বর) বাকলিয়া আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে আয়োজিত আলোচনা সভা, ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন অভিভাবক পরিচালনা পর্যদের সদস্য আশরাফুল আলম। মেয়র বলেন, কোরআনুল কারিম মানবতার চিরন্তন দিকনির্দেশনা। যুগে যুগে অনেক ধর্মগ্রন্থের পাঠ এসেছে, যেকোনো সময়ের ব্যবধানে পরিবর্তন এসেছে। কিন্তু আল কোরআনের একটি অক্ষরও পরিবর্তন হয়নি এবং কেয়ামত পর্যন্ত পরিবর্তন হবে না। তাই আমাদের শুধু কোরআন পড়লেই হবে না, বরং প্রতিটি আয়াতের মর্মবাণী বুঝে জীবনে প্রয়োগ করতে হবে। তিনি আরও বলেন, নামাজ ইসলামের স্তম্ভ। প্রতিদিন পাঁচ ওয়াক্ত নামাজ আদায় শুধু ধর্মীয় দায়িত্ব নয়, বরং শারীরিক ও মানসিক স্বাস্থ্যের জন্যও বৈজ্ঞানিকভাবে প্রমাণিত কল্যাণ বয়ে আনে। করোনাকালীন সময়ে আমরা যেমন শ্বাস-প্রশ্বাস ও অক্সিজেন সংকটে বিপর্যস্ত হয়েছিলাম, তেমনি নামাজ ও কোরআনের শিক্ষার অভাব জীবনে সংকট তৈরি করে। নবী করীম (সা.)-এর জীবনাদর্শের উদাহরণ টেনে মেয়র বলেন, তিনি ছিলেন ধৈর্য ও সহিষ্ণুতার শ্রেষ্ঠ উদাহরণ। পাথর নিক্ষেপে আহত হয়েও তিনি আল্লাহর কাছে দোয়া করেছেন শত্রুদের হেদায়েতের জন্য। এমনকি যারা পথে কাঁটা বিছিয়ে তাঁকে কষ্ট দিত, অসুস্থ হলে তিনি তাদের সেবায় ছুটে গেছেন। এর মধ্য দিয়েই প্রতিভাত হয় মহানবীর করুণা, ক্ষমাশীলতা ও মানবিকতা। ডা. শাহাদাত হোসেন বলেন, আজকের প্রজন্মকে শুধু সাধারণ শিক্ষায় নয়, বরং কোরআন-সুন্নাহর আলোয় নৈতিক শিক্ষা অর্জন করতে হবে। হযরত মুসা (আ.), ইব্রাহিম (আ.), ঈসা (আ.) প্রমুখ নবী-রাসূলদের জীবনী এবং প্রিয় নবী হযরত মুহাম্মদ (সা.)-এর শিক্ষা অধ্যয়ন করলে প্রকৃত আদর্শ ও কর্মঠ মানুষ হওয়া সম্ভব। পরিশ্রম ও মেহনত ছাড়া কোনো জাতির অগ্রগতি সম্ভব নয়। এসময় আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম সরকারি কলেজের অধ্যক্ষ জনাব মোজাহেদুল ইসলাম চৌধুরী, বিদ্যালয়ের সাবেক সভাপতি নাসির উদ্দিন, আবদুর রহিম, মহানগর যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক এমদাদুল হক বাদশা, থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জয়ন্ত বাউড়ে, নাছির উদ্দিন চৌধুরী নাছিম মোঃ জাবেদুল হক, শফিউল বশর সাজু সাদ্দেমুল হক প্রমুখ।



স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮